**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মহিলা, শিশু এবং বাচ্চাদের জন্য খাদ্য সুবিধার অ্যাক্সেস উন্নত করার উদ্যোগ ঘোষণা করেছেন

***লাইভ অনলাইন চ্যাট ফাংশন, ইন্টারভিউ এবং সমীক্ষার মাধ্যমে সংগৃহীত মতামত WIC প্রোগ্রামের সাথে নিউ ইয়র্কবাসীদের অভিজ্ঞতা উন্নত করতে ব্যবহার করা হবে***

**গ্রাহকের অভিজ্ঞতা এবং অংশগ্রহণকে সুবিধাজনক করে তোলাকে স্টেটের অগ্রাধিকার করে তুলতে গভর্নর স্টেট অফ দ্যা স্টেট প্রদান করেছেন*; WIC সুযোগ সুবিধাগুলির সরবরাহকে উন্নত করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ একটি নতুন গ্রাহকের মতামত প্রকাশের উদ্যোগ ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কবাসীদের নারী, শিশু এবং শিশুদের জন্য সম্পূরক পুষ্টি প্রোগ্রামে (Supplemental Nutrition Program), যা WIC নামেও পরিচিত, তাতে নথিভুক্ত হওয়ার জন্য যে প্রতিকূলতাগুলির সম্মুখীন হন সেগুলি বোঝার উন্নতি করবে। গভর্নর হোকলের 2023 স্টেট অফ দ্যা স্টেট বিবৃতি-র অংশ হিসাবে ঘোষণা করা হয়েছে, একটি লাইভ অনলাইন চ্যাট প্রোগ্রাম শুরু করতে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health) কোড ফর আমেরিকা র সাথে অংশীদারী করবে যা এজেন্সিটিকে WIC প্রোগ্রামটি এবং স্টেটব্যাপী নথিভুক্তি উন্নত করতে গ্রাহকের মতামত সংগ্রহ করবে।

"প্রতিকুল অবস্থায় সঙ্গে কঠিন লড়াই করা পরিবারগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ সংস্থান হওয়া সত্ত্বেও, এই খাদ্য সুবিধার জন্য যোগ্য অনেক নিউ ইয়র্কবাসী বা ইতিমধ্যে প্রোগ্রামে তালিকাভুক্ত অনেক পরিবারই WIC প্রোগ্রামটি ব্যবহার করেন না যারা,"**বলেছেন গভর্নর হোকল।** "এই উদ্যোগটি আমলাতান্ত্রিক বাধা দূর করার উপায়গুলি সনাক্ত করতে, নথিভুক্তি প্রক্রিয়াগুলি সহজতর করতে এবং নতুন প্রযুক্তি প্রয়োগ করতে সহায়তা করবে যাতে প্রতিকুল অবস্থায় সঙ্গে কঠিন লড়াই করা পরিবারগুলি সুস্থ, পুষ্টিকর খাবারগুলি আরও ভালভাবে অ্যাক্সেস করতে পারে।"

প্রাথমিকভাবে, কোড ফর আমেরিকা (Code for America) এজেন্সির WIC পৃষ্ঠায় প্রদর্শিত স্বাস্থ্য দপ্তরের স্বয়ংক্রিয় চ্যাট বটকে প্রতিস্থাপিত করতে একটি লাইভ অনলাইন চ্যাট ফাংশন বাস্তবায়িত করতে সহায়তা করবে, যা লাইভ ইন্টারঅ্যাকশন এর জন্য ব্যক্তিবর্গকে একজন WIC কর্মীর সাথে সংযোগ করবে। আবেদনকারীদের প্রক্রিয়াটিতে গাইড করার জন্য এবং

নথিভুক্তকারীদের তাদের সুযোগ সুবিধাগুলি ব্যবহার করার জন্য, লাইভ ইন্টারঅ্যাকশন একটি কার্যকর উপায়, এছাড়াও মতামত জানানো একটি অমূল্য উৎস প্রদান করে যা গ্রাহক ইন্টারভিউ এবং অন্যান্য গুণগত এবং পরিমাণগত গবেষণা পদ্ধতিগুলির সাথে মিলিত WIC নথিভুক্তি এবং ব্যবহারের সাথে প্রতিকুলতাগুলি আরও ভালভাবে বোঝার উপায় হতে পারে।

প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ে, স্বাস্থ্য বিভাগ সংগৃহীত প্রতিক্রিয়াগুলির উপর ভিত্তি করে WIC প্রোগ্রামের উন্নতি বাস্তবায়নের জন্য কোড ফর আমেরিকা সাথে কাজ করবে। কী কারনে প্রোগ্রামে অংশগ্রহণ এবং পুরো সুবিধা গ্রহণ করা থেকে যোগ্য পরিবারগুলি বঞ্চিত হচ্ছে এবং প্রোগ্রামটির সম্পূর্ণ সুবিধা নিতে পারছে না, অংশীদারিত্বটি এজেন্সিটিকে তা নির্ধারণ করতে সক্ষম করবে এবং তারপরে WIC পরিষেবাদি সরবরাহের উন্নতির জন্য সেই তথ্যটি ব্যবহার করবে।

**ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "WIC প্রোগ্রামে অংশগ্রহণকারী পরিবারের ইনপুট সংগ্রহ করে, আমরা গ্রাহকের অভিজ্ঞতা উন্নত করতে পারি এবং নিউ ইয়র্ক পরিবারের জন্য স্বাস্থ্যকর বৃদ্ধি এবং শিশুদের বিকাশের জন্য প্রয়োজনীয় পুষ্টিকর খাবার অ্যাক্সেস করা সহজ করতে পারি। ইনপুট সংগ্রহের জন্য লাইভ চ্যাট এবং অন্যান্য কৌশলগুলি পরীক্ষা করার জন্য কোড ফর আমেরিকার সাথে সহযোগিতা করে, আমরা অংশগ্রহণ বাড়াতে এবং প্রোগ্রামটিকে আরও ব্যবহারকারী বান্ধব করতে সহায়তা করার উপায়গুলি সন্ধান করতে পারি যারা WIC এর উপর নির্ভর করে।"

WIC প্রোগ্রাম সম্পূরক খাদ্য, স্বাস্থ্যসেবা রেফারেল এবং নিম্ন আয়ের গর্ভবতী, বুকের দুধ খাওয়ানো এবং বুকের দুধ না খাওয়ানো প্রসবোত্তর মহিলাদের জন্য পুষ্টি শিক্ষার জন্য এবং পুষ্টির ঝুঁকিতে থাকা 5 বছর বয়স পর্যন্ত শিশু এবং বাচ্চাদের জন্য স্টেটগুলিকে ফেডারেল তহবিল সরবরাহ করে। স্বাস্থ্য দপ্তর কোড ফর আমেরিকার সেফটি নেট ইনোভেশন ল্যাব (Safety Net Innovation Lab)-এর দ্বিতীয় দলে অংশগ্রহণের জন্য নির্বাচিত চারটি সংস্থার মধ্যে একটি, যা স্টেট-পরিচালিত পাবলিক বেনিফিট প্রোগ্রামগুলি আরও ন্যায্য এবং অ্যাক্সেসযোগ্য করার লক্ষ্যে কাজ করে।

সারা দেশের মধ্যে, WIC এর জন্য যোগ্য প্রায় অর্ধেক পরিবার প্রোগ্রামটিতে অংশগ্রহণ করে এবং যারা প্রোগ্রামে নথিভুক্ত তারা ধারাবাহিকভাবে তাদের খাদ্য সুবিধাগুলি ব্যবহার করে না। মার্কিন কৃষি খাদ্য ও পুষ্টি পরিষেবা (U.S. Department of Agriculture's Food and Nutrition Service ) দ্বারা এই বছর সংকলিত ডেটা থেকে দেখা গেছে যে প্রায় 2020-তে 706,000 নিউ ইয়র্কবাসী WIC এর জন্য যোগ্য ছিল, কিন্তু শুধুমাত্র 363,000 জন প্রোগ্রামে অংশগ্রহণ করেছিল।

খাদ্য নিরাপত্তাহীনতা, শিশুদের মধ্যে, দুর্বলতর সামগ্রিক স্বাস্থ্য, তীব্র এবং দীর্ঘস্থায়ী স্বাস্থ্য সমস্যা এবং সীমিত স্বাস্থ্যসেবা অ্যাক্সেস সহ ধারাবাহিকভাবে দুর্বল স্বাস্থ্যের সাথে সংযুক্ত। স্বাস্থ্যকর জন্ম, জন্মের সময় ওজন উন্নততর হওয়া, নবজাতকের মৃত্যুর ঝুঁকি কম, নবজাতককে আরও ভাল খাওয়ানোর চর্চা, আরও পুষ্টিকর খাদ্য, প্রাথমিক এবং প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবায় আরও উন্নত অ্যাক্সেস, অন্যান্য ইতিবাচক ফলাফলের মধ্যে শিশুদের মধ্যে উন্নত জ্ঞানীয় বিকাশের সাথে WIC এ অংশগ্রহণকে সংযুক্ত করা হয়েছে।

কোড ফর আমেরিকা উদ্যোগটি গভর্নর হোকলের সরকারের পরিষেবা এবং সুযোগ সুবিধাগুলি অ্যাক্সেস করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের জন্য আরও ভাল কাজ করার পরিকল্পনার অংশ। আমলাতান্ত্রিক বাধা কমাতে এবং অ্যাক্সেস উন্নত করার জন্য; কল অপেক্ষার সময় কমাতে; ই-স্বাক্ষর প্রযুক্তি ব্যবহার; বাসিন্দাদের অনলাইন নির্দিষ্ট স্টেট এজেন্সির সাথে যোগাযোগ উন্নত করার জন্য 'এক আইডি' চালু করা; এবং ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত করার জন্য স্টেট এজেন্সির ওয়েবসাইট এবং অ্যাপ্লিকেশনগুলি আধুনিকীকরণ করার জন্য উল্লেখযোগ্য প্রযুক্তিগত উন্নয়নগুলি এখন প্রয়োগ করা হচ্ছে।

**কোড ফর আমেরিকার প্রধান নির্বাহী কর্মকর্তা আমান্ডা রেন্টেরিয়া বলেছেন,** "একটি মানুষ কেন্দ্রিক নিরাপত্তা বূ্যহ তৈরি করার লক্ষ্য নিয়ে কোড ফর আমেরিকা সরকারি অংশীদার এবং কমিউনিতি সংস্থাগুলির সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে । সেফটি নেট ইনোভেশন ল্যাবের মাধ্যমে, খাদ্য সহায়তা, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য মৌলিক চাহিদার মতো সুযোগ সুবিধাগুলি সাধারণ মানুষ যেভাবে পাচ্ছেন সে বিষয়ে পদ্ধতিগত পরিবর্তনের দিকে স্টেট প্রশাসনগুলি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418